তারিখ ...... 14 JUL 2016
পৃষ্ঠা ...2...... কলাম ...... ৫......

কালের কণ্ঠ

# সরকারীকরণ করতে ৬৩৬ স্কুল-কলেজের তালিকা চূড়ান্ত

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের প্রতিটি উপজেলায় একটি করে হাই স্কুল ও কলেজকে সরকারীকরণের প্রক্রিয়ার অংশ হিসেবে ৩১৫টি বেসরকারি হাই স্কুল ও ৩২১টি বেসরকারি কলেজকে সরকারীকরণের জন্য তালিকা প্রস্তুত করেছে। সরকারি হাই স্কুল ও কলেজ না থাকা উপজেলাগুলো থেকেই শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বাছাই করা হয়েছে। ইতিমধ্যে কয়েকটি প্রতিষ্ঠানের ব্যাপারে প্রধানমন্ত্রীর অনুমোদন পাওয়া গেছে এবং সপ্তাহখানেকের মধ্যে আরো কয়েকটির অনুমোদন পাওয়া যাবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

শিক্ষাসচিবের চলতি দায়িত্বে থাকা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ এস মাহমুদ জানান, যেসব উপজেলায় সরকারি স্কুল ও কলেজ নেই সেসব উপজেলার সরকারীকরণযোগ্য সম্ভাব্য স্কুল ও কলেজের তালিকা মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে পাঠানো হয়েছে। এর মধ্যে ১৯৯টি কলেজ এবং ৭৯টি হাই স্কুল জাতীয়করণের ব্যাপারে প্রধানমন্ত্রীর নীতিগত অনুমোদন পাওয়া গেছে। আরো কিছু হাই স্কুলের নাম চলতি সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয়ে আসতে পারে। ওইগুলো এলে একসঙ্গে ২০০ স্কুলের তালিকা প্রকাশ করা হবে।

জানা গেছে, যেসব স্কুল ও কলেজ সরকারীকরণের ব্যাপারে প্রধানমন্ত্রীর অনুমোদন পাওয়া গেছে সেগুলো পরিদর্শনের জন্য তালিকা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) পাঠানো হবে। মাউশির সরেজমিন পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে সরকারীকরণের প্রজ্ঞাপন জারি করা হবে। তালিকা প্রকাশের সঙ্গে সঙ্গে এসব প্রতিষ্ঠানে সব ধরনের নিয়োগের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হচ্ছে বলেও জানা গেছে।

উল্লেখ্য, দেশে বর্তমানে ৩৩৫টি সরকারি হাই স্কুল এবং ৩৩১টি কলেজ আছে।